বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
জনসংযোগ বিভাগ

...

| | | |
|---|---|---|
| সভাপতি | মোঃ শোয়েব<br>ব্যবস্থাপনা পরিচালক | |
| সভার তারিখ | ২৮ ডিসেম্বর, ২০২২ | |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা | |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া। | |
| উপস্থিতি | কোম্পানির সকল মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড ইনচার্জ (তালিকা সংযুক্ত) | |

সভাপতি ডিসেম্বর, ২০২২ মাসের/৭২তম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। অদ্যকার এ সময়ে দেশের একটি গৌরবময় মুহূর্ত অতিবাহিত হচ্ছে যখন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বাংলাদেশের মেট্রোরেল যুগে প্রবেশের দ্বার উন্মোচন করা হচ্ছে মেট্রোরেল উদ্বোধনের মাধ্যমে। তিনি আনন্দের সাথে উল্লেখ করেন যে, বাংলাদেশ আজ এক অনন্য উচ্চতায়, বিশ্ব দরবারে একটি মর্যাদাশীল অবস্থানে পৌঁছে গেল। এ মাহেন্দ্রক্ষণের গর্বিত অংশীদার হতে পেরে আমরা নিজেদের ধন্য মনে করছি। তিনি মাননীয় প্রধানমন্ত্রীসহ সংশ্লিষ্ট সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি সম্প্রতি পদোন্নতিপ্রাপ্ত হয়ে মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নয়ন), চলতি দায়িত্বে যোগদানকারী জনাব মোঃ জাকির হোসেন তরফদার-কে সভায় স্বাগত জানান এবং যথারীতি পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ করেন। কোম্পানি সচিব সভাপতির অনুমতিক্রমে সকল মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড ইনচার্জগণের প্রতি শুভেচ্ছা জানিয়ে নভেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.০। | অপারেশন ডিভিশন: | | |
| ২.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমি দখলমুক্ত রাখার নিমিত্ত তিতাস ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-তে ২০০টি RCC খুঁটি স্থাপন কাজ প্রায় শেষ পর্যায়ে আছে। সভায় তিতাস ফিল্ডের স্টোর এবং ওয়েল্ডিং জেনারেটর এলাকার কিছু অংশ সিসিটিভির কভারেজে না আসার বিষয়টি অবহিত করা হয়। ফলে, উক্ত এলাকাসমূহসহ তিতাস ফিল্ডের সার্বিক নিরাপত্তার বিষয়ে মনিটরিং জোরদার করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমি দখলমুক্ত রাখতে হবে এবং তিতাস ফিল্ড সংলগ্ন ব্যক্তিমালিকানাধীন পুকুরের ক্ষতি হতে কোম্পানির বাউন্ডারি ওয়াল রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>তিতাস ফিল্ডের স্টোর এবং ওয়েল্ডিং জেনারেটর এলাকাসহ ফিল্ডের সার্বিক নিরাপত্তা মনিটরিংয়ের দায়িত্ব উপ-মহাব্যবস্থাপক (তিতাস-উত্তর ও দক্ষিণ)-কে পালন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (সিজি) এবং<br>উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) ও সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ২.২। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির কনডেনসেট ফ্রাকশনেশন কার্যক্রম না থাকায় নিজস্ব যানবাহনের ফুয়েলের জন্য তিতাস ফিল্ডে থাকা ফুয়েল স্টেশনটি বর্তমানে বন্ধ আছে। ফলে, নিজস্ব যানবাহনের জ্বালানি ক্রয়ভিত্তিতে চালোনো হচ্ছে। এক্ষেত্রে প্রয়োজন মিটানোর জন্য কিছু কনডেনসেট ফ্রাকশনেশন করা গেলে বা সিলেট গ্যাস ফিল্ড হতে এমএস, এইচএসডি সংগ্রহ করা গেলে কোম্পানির আর্থিক সাশ্রয় হতো। | কোম্পানির নিজস্ব যানবাহনের জ্বালানি চাহিদা মিটানোর নিমিত্ত তিতাস ফিল্ডের ফুয়েল স্টেশনে এমএস ও এইচএসডি সংগ্রহের জন্য যোগাযোগ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (সিজি) এবং<br>উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) ও সংশ্লিষ্ট কমিটি |
| ২.২। | কামতা ফিল্ড: | | |
| | সভাকে অবহিত করা হয় যে, উলুখোলা বাজার থেকে কামতা ফিল্ড পর্যন্ত কোম্পানির প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way এর ভূমি চিহ্নিতকরণের জন্য সরকারি আমীন এনে মাপ-জোক সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করা হচ্ছে। | কামতা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way সংরক্ষণে জন্য জেলা প্রশাসনের মাধ্যমে অথবা সরাসরিভাবে আমীন নিয়োজিত করে ভূমির মাপ-জোক দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(সিজি) এবং<br>উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) ও সংশ্লিষ্ট কমিটি |
| ২.২। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-এ, বি এবং সি লোকেশনে সিসিটিভি স্থাপন করা হয়েছে। কোম্পানির সকল ফিল্ড ও স্থাপনার গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর এলাকাসমূহও সিসিটিভি-র আওতাভুক্ত করা হয়েছে। পর্যায়ক্রমে বিভিন্ন ফিল্ডে আরও কিছু সিসিটিভি স্থাপন করা হবে। | কোম্পানির ফিল্ড ও স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে ফিল্ড/স্থাপনায় প্রয়োজনীয় সিসিটিভি স্থাপন এবং সিসিটিভির কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)<br>এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ |
| ২.৩। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির মালামাল অবলোপন সংক্রান্ত ৩টি কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ভাঙ্গা/জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ অপসারণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ ভাঙ্গা/ জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অপসারণের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ২.৪। | নরসিংদী ফিল্ড : | | |
| | সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী-ভৈরব মহাসড়কের লেন বৃদ্ধিকরণ কার্যক্রমে নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের প্রায় ৫০-৬০ ফুট ভূমি অধিগ্রহণের পত্র প্রদান করা হয়েছে। | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের এক্যুইজিশন পেমেন্ট প্রাপ্তি সাপেক্ষে কোম্পানির দালান-কোঠা অপসারণ কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (নরসিংদী) |
| ২.৬। | মেঘনা ফিল্ড : | | |

| | | | |
|---|---|---|---|
| | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ড সংলগ্ন মরিচাকান্দি ঘাট থেকে মেঘনা ফিল্ড পর্যন্ত কোম্পানির অধিভুক্ত রাস্তার উভয় পাশের বসত-ভিটার মালিকাদের কোম্পানির Right of way সংরক্ষণের বিষয়ে অবহিত করা হয়েছে। পাশাপাশি Right of way-র মাপ-জোক করার জন্য কোম্পানির এস্টেট বিভাগের সহায়তা চাওয়া হয়েছে। | মরিচাকান্দি ঘাট থেকে মেঘনা ফিল্ড পর্যন্ত রাস্তার উভয় পাশে কোম্পানির Right of way সংরক্ষণের জন্য জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে অথবা সরাসরিভাবে আমীন নিয়োজিত করে সংশ্লিষ্ট ভূমির মাপ-জোক দ্রুত সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন)এবং (উপ-মহাব্যবস্থাপক (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ৩.০। | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন : | | |
| ৩.১। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপন কাজ শুরু হয়েছে। ETP স্থাপনের কার্যক্রম চলমান আছে। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক(পিডি) এবং উপ-মহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস) |
| ৩.২। | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ডের ইতোপূর্বেকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকালে সংগৃহীত Environmental License টি নবায়ন করা হয়েছে। এ ধারাবাহিকতায় অন্যান্য ফিল্ডের Environmental License-সমূহ নবায়নের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের জন্য Fire License সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>প্রকল্প কার্যক্রমের সাথে সমন্বয় করে অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট ফিল্ডের জন্য Environmental License নবায়ন কার্যক্রম সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ কর্তৃক গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে ইএস বিভাগ সার্বিক সহযোগিতা করবে। | মহাব্যবস্থাপক (পিডি)/(অপারেশন) এবং উপ-মহাব্যবস্থাপক (ইএস) ও সকল ফিল্ড ইনচার্জ |
| ৪.০। | কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন : | | |
| | সভা অবহিত হয় যে, ব্যবস্থাপক এবং তদূর্ধ্ব কর্মকর্তাগণ কর্তৃক কোম্পানির আবাসন/ডরমিটরিতে নিজ খরচে এসি স্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় বিদ্যুৎ-লোড সংক্রান্ত তথ্য-উপাত্ত উপস্থাপনের জন্য গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন প্রণয়ন করা হচ্ছে। | বর্তমান বৈশ্বিক অবস্থার প্রেক্ষিতে আপাততঃ বিষয়টি নিয়ে গঠিত কমিটির কার্যক্রম স্থগিত রাখা যেতে পারে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৫.০। | রক্ষণাবেক্ষণ ডিভিশন : | | |
| ৫.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির জন্য ওয়েব ক্লাউড সংগ্রহ করা হয়েছে। শীঘ্রই ওয়েব ক্লাউডের মাধ্যমে কোম্পানির বিভিন্ন সফটওয়্যার এর অনলাইন অপারেটিং ও ডাটা স্টোরেজ কার্যক্রম পরিচালনা করা যাবে। | ওয়েব ক্লাউড সংক্রান্ত নীতিমালার খসড়া প্রণয়ন করে মহাব্যবস্থাপক (মেইন্টঃ) কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করা যেতে পারে।<br><br>ওয়েব ক্লাউডের মাধ্যমে কোম্পানির বিভিন্ন সফটওয়্যার এর অনলাইন অপারেটিং ও ডাটা স্টোরেজ কার্যক্রমের ফলপ্রসূতা পর্যবেক্ষণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং কমিটির সদস্যবৃন্দ ও উপ-মহাব্যবস্থাপক (হিসাব) |
| ৬.০। | টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন: | | |

| | | | |
|---|---|---|---|
| ৬.১। | কোম্পানিতে বর্তমান সময় পর্যন্ত বিদ্যমান থাকা যাবতীয় ব্যবহার অযোগ্য মালামালের সারণী নতুনভাবে প্রণয়ন এবং উক্ত মালামালসমূহের আর্থিক পুনঃ মূল্যায়নের উদ্যোগ/ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | বর্তমান সময় পর্যন্ত কোম্পানিতে বিদ্যমান যাবতীয় ব্যবহার অযোগ্য মালামালের সারণী নতুনভাবে প্রণয়ন এবং উক্ত মালামালসমূহের আর্থিক পুনঃ মূল্যায়নের উদ্যোগ/ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭.০। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | |
| | ব্যবস্থাপনা পরিচালক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সচেষ্ট হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি APA এর আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (E-Gov. & Innovation), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter), তথ্য অধিকার (RTI) প্রভৃতির কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন।<br><br>সভায় উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) এবং তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য অধিকার সংক্রান্ত ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৫ ধারা অনুযায়ী যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত ও হালনাগাদপূর্বক ৩১-১২-২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করার লক্ষ্যে কোম্পানির ডিভিশন ও বিভাগসমূহের তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক/তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।<br><br>তথ্য অধিকার সংক্রান্ত ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৫ ধারা অনুযায়ী কোম্পানির ডিভিশন ও বিভাগসমূহের তথ্যের প্রস্তুতকৃত ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদ করে ৩১-১২-২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৮.০। | প্রশাসন ডিভিশন: | | |

| | | | |
|---|---|---|---|
| ৮.১। | সভাকে অবহিত করা হয় যে, সংগৃহীত সার্ভিস রেকর্ড সফট্ওয়্যারে কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক নিজ নিজ ডাটা অনলাইন অবলোকনের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সফট্ওয়্যার প্রোভাইডারের সাথে আলোচনা করা হচ্ছে। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফট্ওয়্যারে এন্ট্রিকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের নিজ নিজ ডাটা অনলাইন-অবলোকনের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)/সংস্থাপন |
| ৮.২। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/Endorsement করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করার নিমিত্ত পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) |
| ৮.৩। | সভাকে অবহিত হয় যে, অনুমোদিত TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করা যাবে। | অনুমোদিত T O E মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে বিভিন্ন ডিভিশন ও বিভাগের জন্য যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক<br>এবং<br>উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৮.৪। | সভাকে অবহিত করা হয় যে, কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তান/নির্ভরশীলদের ভাল একাডেমিক ফলাফলের জন্য কোম্পানি প্রদত্ত বৃত্তির অর্থ বৃদ্ধির বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | শিক্ষার্থীদের জ্ঞান অর্জনে অধিকতর উৎসাহ প্রদানের লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তান/নির্ভরশীলদের ভাল একাডেমিক ফলাফলের বিপরীতে কোম্পানি প্রদত্ত বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৮.৫। | কোম্পানির কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে শাখা প্রধানগণ কর্তৃক নিজ নিজ শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি সম্পর্কে প্রেজেন্টেশন প্রদানের জন্য পর্যায়ক্রমে ও নিয়মিতভাবে কর্মশালার আয়োজন করা যেতে পারে মর্মে ব্যবস্থাপনা পরিচালক সভায় মতামত ব্যক্ত করে। | কোম্পানির কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে শাখা প্রধানগণ কর্তৃক নিজ নিজ শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি সম্বলিত প্রেজেন্টেশন প্রদানের জন্য পর্যায়ক্রমে ও নিয়মিতভাবে কর্মশালার আয়োজন করা যেতে পারে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৮.৬। | নিরাপত্তা বিভাগ : | | |
| | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার আছে এবং জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। সভাকে আরো অবহিত করা হয় যে, কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা তদারকির জন্য বিদ্যমান কেন্দ্রীয় নিরাপত্তা কমিটিতে সকল মহাব্যবস্থাপকগণকে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠন করা যেতে পারে। | কোম্পানির নিরাপত্তা বিষয়ক কেন্দ্রীয় কমিটিতে সকল মহাব্যবস্থাপকগণকে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>কোম্পানির ফিল্ড/স্থাপনাসমূহের কোথাও কোনরূপ নিরাপত্তা পরিপন্থী বিষয় যে কারো নিকট পরিদৃষ্ট হলে তা তৎক্ষণাৎ মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৮.৭। | মেডিক্যাল বিভাগ : | | |

| | | | |
|---|---|---|---|
| | সভায় কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং পাশাপাশি বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণের বিষয়ে সকল কর্মকর্তা ও কর্মচারীর সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। | কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপ-মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৮.৮। | মানবসম্পদ বিভাগ: | | |
| | সভাকে অবহিত করা হয় যে, কর্মচারী নিয়োগ কার্যক্রম চলমান আছে। | কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুসরণপূর্বক কর্মচারী নিয়োগ কার্যক্রম যথাযথভাবে এবং দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচআর) |
| ৯.০। | আর্থিক ও হিসাব কার্যক্রম : | | |
| ৯.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে বিশেষ গুরুত্বারোপ প্রয়োজন। তাছাড়া, বিশ্বের অর্থনৈতিক সংকটের প্রেক্ষাপটে সরকার কর্তৃক ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধনের নির্দেশনা দেয়া হয়েছে। এক্ষেত্রে উপর্যুক্ত খাতসমূহের ব্যয় বাজেটের ৫০% এর মধ্যে নির্বাহের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>সরকার নির্দেশিত খাতসমূহের ব্যয় বাজেটের ৫০% এর মধ্যে নির্বাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |
| ৯.২। | সভাকে অবহিত করা হয় যে, ই-নথির আপগ্রেড ভার্সন ডিজিটাল নথি (ডি-নথি) অচিরেই চালু হবে বলে আশা করা যাচ্ছে। | বিজিএফসিএল-এ ডি-নথি দ্রুত চালুকরণের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক(টিএস)/ (রক্ষণাবেক্ষণ) এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) |
| ১০.০। | কোম্পানি সচিবালয় : | | |
| ১০.১। | মুজিব কর্নার স্থাপন: | | |
| | সভাকে অবহিত করা হয় যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জাতীয় জীবনের স্মৃতিময় অবদানকে চিরন্তন করে রাখার প্রয়াসে প্রধান কার্যালয়ে মুজিব কর্নার স্থাপন করা হয়েছে। | প্রধান কার্যালয়ের প্রবেশ মুখে স্থাপিত মুজিব কর্নার কোম্পানির পরিচালনা পর্ষদ চেয়ারম্যান এবং পেট্রোবাংলার চেয়ারম্যান ও পরিচালক মহোদয়গণ কর্তৃক উদ্বোধনের নিমিত্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কোম্পানি সচিব |

কোম্পানির কার্যক্রম সংক্রান্ত আলোচনা শেষে কোম্পানির ২জন উপ-মহাব্যবস্থাপক জনাব জনাব মোহাম্মদ রুহুল আমিন, উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) এবং জনাব শফিকুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (হিসাব) অবসর-উত্তর ছুটিতে যাবেন মর্মে সভা অবহিত হয়। এ পরিপ্রেক্ষিতে, কোম্পানির মহাব্যবস্থাপকগণসহ উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে কর্মজীবনে তাঁদের একাগ্রতা ও আন্তরিকতার বিষয়টি স্মরণ করেন এবং দীর্ঘদিনের একসাথে পথচলায় সংঘটিত ভুল-ভ্রান্তি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। সভায় উক্ত ২জন গুণী কর্মকর্তার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং সুন্দর অবসরোত্তর জীবন কামনা করা হয়।

পরিশেষে সভাপতি ধৈর্য্য ধরে সভায় অংশগ্রহণের জন্য উপস্থিত সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৩ পৌষ, ১৪২৯
২৮ ডিসেম্বর, ২০২২

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২২.৩

তারিখ: ২৫ পৌষ ১৪২৯
০৯ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
৪) উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক (সকল), বিজিএফসিএল।
৫) ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৭) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৮) ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস), জেনারেল সার্ভিসেস শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৯) ব্যবস্থাপক (প্রশিক্ষণ), প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১০) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১১) উপ-ব্যবস্থাপক, সিলিমপুর প্লান্ট, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক